ভোরের কাগজ

FEB. 28 2001

# পদোন্নতির দাবিতে কলেজ শিক্ষকদের ৩ দিন ক্লাস বর্জনের কর্মসূচি

## প্রতিবাদ সমাবেশ থেকে সব কলেজে তালা ঝুলিয়ে দেওয়ার হুমকি

কাগজ প্রতিবেদক : সকল মামলা প্রত্যাহার করে শিক্ষা ক্যাডারের সর্বস্তরে পদোন্নতির দাবিতে আগামী ১৯, ২০ ও ২১ মার্চ তিন দিন দেশের সবগুলো সরকারি কলেজে শিক্ষকরা ক্লাস বর্জন করবেন। এরমধ্যে দাবি পূরণ না হলে কলেজগুলোতে তালা ঝুলিয়ে দেওয়া হবে বলেও ঘোষণা দিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি।

শিক্ষা ভবন চত্বরে গতকাল মঙ্গলবার বিসিএস সাধারণ শিক্ষা সমিতির এক প্রতিবাদ সমাবেশ থেকে এ কর্মসূচি ঘোষণা করা হয়। পদোন্নতি, অর্জিত ছুটি, নতুন পদ সৃষ্টি ও সৃষ্ট পদের স্থায়ীকরণের দাবিতে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

অধ্যাপক জাহানারা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা ৫ বছর ধরে বন্ধ হয়ে থাকা পদোন্নতির দাবিতে প্রয়োজনে রাজপথে আন্দোলন করা হবে। তারা বলেন, গত বছর নভেম্বরে নতুন বিধি জারির সঙ্গে সঙ্গে পদোন্নতি দেওয়ার কথা থাকলেও আজ পর্যন্ত পদোন্নতি দেওয়া হয়নি। বরং নতুন নতুন মামলায় প্রভাষকসহ শিক্ষা ক্যাডারের সকল স্তরের পদোন্নতি আবারো বন্ধ রাখার পাঁয়তারা চলছে।

মহাসচিব কফিলউদ্দিন আন্দোলনের কর্মসূচি ঘোষণা করে বলেন, প্রয়োজনে ১০ মে থেকে শুরু হওয়া এইচএসসি পরীক্ষাও শিক্ষকরা বর্জন করবেন। তিনি জানান, ২৩ মার্চ ঢাকা কলেজে সংগঠনের পরবর্তী সভায় আন্দোলনের কর্মসূচি চূড়ান্ত করা হবে।

সভাপতির বক্তব্যে জাহানারা বেগম বলেন, সরকার শিক্ষকদের বঞ্চিত করে প্রতারণা করেছে। আন্দোলন করেই এখন পদোন্নতি আদায় করতে হবে। সভায় বিভিন্ন জেলা প্রতিনিধি এবং কেন্দ্রীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।




*পাঁচ বছর ধরে বন্ধ পদোন্নতি প্রক্রিয়া চালুর দাবিতে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির আহ্বানে গতকাল নগরীতে সরকারি কলেজ শিক্ষকদের বিক্ষোভ মিছিল —ভোরের কাগজ*